



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ

ফোনঃ ৯৫৭৬৬৫৩, ৯৫৬০০২১ বর্ষিত-৩৩৫

Email: dgmicstsystem@krishibank.org.bd



মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক স্বাভেদর অগ্রগতি

সূত্র নং- প্রকা/আইসিটি(সিস্টেমস্)/সাইবার/২(৬৩)/২০২০-২০২১/৭৫৫

তারিখঃ ১৭.০৯.২০২০ ইং

- ০১। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক
- ০২। মহাব্যবস্থাপক, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মিরপুর, ঢাকা
- ০৩। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ০৪। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখাসমূহ
- ০৬। সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : Cyber Attack (Ransomware, Malware ইত্যাদি) হতে ব্যাংকের সকল শাখা ও কার্যালয়ে ব্যবহৃত Computer, E-mail Account, Internet, Network ব্যবহারের সামগ্রীক নিরাপত্তা এবং সংশ্লিষ্ট তথ্য ও উপাত্ত সংরক্ষণ নিশ্চিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখা ও কার্যালয়সমূহে ব্যবহৃত Computer, E-mail Account, Internet, Network এর সামগ্রীক নিরাপত্তা এবং সংশ্লিষ্ট তথ্য ও উপাত্ত সংরক্ষণ নিশ্চিতকরণের লক্ষ্যে ইতোমধ্যে নিম্নলিখিত সার্কুলার ও ম্যানুয়েল জারি করা হয়েছে। পরিপত্রসমূহে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করার জন্য বিশেষভাবে নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

- ১) ICT Security Policy June, 2014
- ২) ঋণ আদায় পরিপত্র নং-১/২০১২
- ৩) আইসিটি পরিপত্র নং-২/২০১৫
- ৪) প্রশাসন পরিপত্র নং-৭/২০১৫
- ৫) আইসিটি পরিপত্র নং-২/২০১৭
- ৬) তথ্য প্রযুক্তি সম্পদের গ্রহণযোগ্য ব্যবহার গাইডলাইন(আইসিটি পরিপত্র নং-০৩/২০১৮)

০২। সশ্রুতি বাংলাদেশসহ বিভিন্ন দেশে ব্যাংকিং খাতে সাইবার হামলার ঝুঁকি বৃদ্ধি পাওয়ার কেন্দ্রীয় ব্যাংক সতর্কতা জারি করেছে। Ransomware এর মাধ্যমে কম্পিউটারে Cyber Attack এর সম্ভাবনা বৃদ্ধি পাওয়ায় তা থেকে বাংলাদেশ কৃষি ব্যাংকও ঝুঁকিমুক্ত নয়। ব্যাংকের সকল শাখা ও কার্যালয়ের প্রধানগণকে নিরাপত্তার স্বার্থে নিম্নোক্ত দিক নির্দেশনা যথাযথভাবে পরিপালন করার জন্য অনুরোধ করা হলোঃ

- ক) শাখা ও কার্যালয়ের কম্পিউটার সমূহের প্রয়োজনীয় সকল তথ্য ও উপাত্তের ব্যাকআপ Data Cartridges/CD/DVD /Pen Drive তে সংরক্ষণ করতে হবে।
- খ) শাখা ও কার্যালয়ের কম্পিউটার সমূহের Un-Authorized সিডি, পেন ড্রাইভ, পোর্টেবল হার্ডড্রাইভ ইত্যাদি ব্যবহার করা সম্পূর্ণ নিষিদ্ধ। শাখার বাহিরে ব্যবহার করা হয়/হয়েছে/হচ্ছে এমন কোন পেন ড্রাইভ শাখার কম্পিউটারে ব্যবহার করা থেকে বিরত থাকতে হবে।
- গ) E-mail Account ব্যবহারে সতর্কতা অবলম্বন করতে হবে। অপরিসিদ্ধ E-mail attachment না খুলে Delete করে দিতে হবে। বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল কার্যালয় ও শাখার ই-মেইলে প্রাপ্ত ই-মেইলসমূহ প্রেরক সম্পর্কে নিশ্চিত না হয়ে খোলা বা Check করা যাবে না বিশেষ করে krishibank.org.bd ডোমেইন হতে প্রেরিত ই-মেইল প্রেরক সম্পর্কে নিশ্চিত না হয়ে খোলা বা Check করা যাবে না।
- ঘ) শাখা/ কার্যালয়ে সংযোগকৃত ইন্টারনেটের ব্যবহার কেবল মাত্র দাপ্তরিক কাজে ব্যবহৃত হবে। অনাকাঙ্ক্ষিত বা অপ্রয়োজনীয় ওয়েব পোর্টালে বা সাইটে প্রবেশ করলে ভাইরাস/ Spam এর আক্রমণের আশংকা থাকায় তা পরিহার করতে হবে।
- ঙ) Official E-mail Address ব্যবহার করে Facebook, Twitter বা অন্যকোন Social Site/ Website/Blog ইত্যাদিতে Account খোলা বা Registration/ Log In করা যাবে না।

অনুমোদনক্রমে-

Rosid
১৭.৯.২০২০

(মোঃ মামুনুর রশীদ)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং- প্রকা/আইসিটি(সিস্টেমস্)/সাইবার/২(৬৩)/২০২০-২০২১/৭৫৫

তারিখঃ ১৭-০৯-২০২০ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/পর্ষদ সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। নথি/ মহানথি।

Rosid
১৭/৯/২০২০

(কে. এম. নুরুন্নাঈন সারোয়ার)
সিনিয়র সিস্টেম এনালিস্ট (সমব্যা)